

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্টার্ন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.ntrca.gov.bd

জরুরী বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩৭.০৫.০০০০.০০৫.০৪.০০১.২২. ২৬৩

তারিখ:

২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
০৯ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে ৩৫ বছর উর্ধ্ব বয়সসীমার আবেদন।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী শিক্ষক কর্মচারীদের চাকুরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। কিন্তু ৩৫ বছর উর্ধ্ব কিছু নিবন্ধন সনদধারী প্রার্থী ৩৫ বছর উর্ধ্বীন হওয়া সত্ত্বেও নিয়োগ আবেদনের সুযোগ চেয়ে এনটিআরসিএ-এর বরাবর আবেদন দাখিল করছেন। এ বিষয়ে এনটিআরসিএ-এর বক্তব্য নিম্নরূপ:

২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৪.৬ অনুচ্ছেদে বর্ণিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক পদে আবেদনের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর নির্ধারণ করা হয়।

৩। উক্ত অনুচ্ছেদ সমূহে বর্ণিত বয়সসীমার বিরুদ্ধে নিবন্ধনকৃত প্রার্থীরা মহামান্য হাইকোর্ট বিভাগে রিট মামলা নং- ১৩৯/২০১৯ দায়ের করেন। উক্ত মামলায় ২২/০৫/২০১৯ খ্রি: তারিখের রায়ে আদেশ হয় যে, যে তারিখে সরকার বয়সসীমা নির্ধারন করেছে তার পূর্বে যারা নিবন্ধন সনদ অর্জন করেছে তাদের জন্য বয়সসীমা প্রযোজ্য হবে না এবং উক্ত তারিখের পরে যারা নিবন্ধন সনদ অর্জন করেছে তাদের জন্য বয়সসীমা প্রযোজ্য হবে।

৪। উক্ত রায়ে বিরুদ্ধে এনটিআরসিএ এর পক্ষ থেকে মহামান্য সুপ্রিম কোর্টে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলা নং ৩৯০০/২০১৯ দায়ের করা হয়। সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলা ৩৯০০/২০১৯ এর ১১/১০/২০২০ খ্রি: তারিখের রায়ে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১৩৯/২০১৯ এর ২২/০৫/২০১৯ খ্রি: তারিখের রায় রদ-রহিত (Expunged) করা হয়। সিভিল পিটিশন ফর লিভ টু আপীল এর রায়ে বিষয়ে অধিকতর স্পষ্ট হওয়ার জন্য এনটিআরসিএ'র পক্ষ থেকে আইন ও বিচার বিভাগের মতামত চাওয়া হয় এবং মহামান্য সুপ্রিম কোর্টে একটি রিভিউ মামলা ৫৪/২০২২ দায়ের করা হয়। ইতোমধ্যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামত প্রেরণ করা হয় এবং তাতে জানানো হয় যে, মাননীয় আপীল বিভাগ হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং- ১৩৯/২০১৯ এর “Operative part” কর্তন করে রায় প্রদান করে। কাজেই, আপীল বিভাগের রায়ে প্রেক্ষিতে রিট পিটিশন নং- ১৩৯/২০১৯-এর বিগত ২২/০৫/২০১৯ খ্রি: তারিখের রায়ে সামগ্রিক কার্যকারিতা রদ-রহিত করা হয়েছে। “মাননীয় আপীল বিভাগের রায়ে হাইকোর্ট বিভাগের প্রদত্ত নির্দেশনা বহাল নেই এবং বর্তমানে বিদ্যমান নীতিমালার আলোকে ৩৫ বছর উর্ধ্ব বয়সীদের চাকুরিতে প্রবেশের সুযোগ না থাকায় ৩৫ উর্ধ্ব বয়সসীমার নিয়োগ প্রত্যাশীদের আবেদন ও নিয়োগ সুপারিশ বিবেচনার সুযোগ নেই।”

কর্তৃপক্ষের আদেশক্রমে

সচিব (উপসচিব)

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ